# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৫৭

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৪৭. খাওয়ার সময় বিসমিল্লাহ বলা

## باب مَا جَاءَ فِي التَّسْمِيَةِ عَلَى الطَّعَامِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الصَّبَّاحِ الْهَاشِمِيُّ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنْ مَعْمَرٍ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ، أَنَّهُ دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَعِنْدَهُ طَعَامٌ فَقَالَ " ادْنُ يَا بُنَىَّ وَسَمِّ اللَّهَ وَكُلْ بِيَمِينِكَ وَكُلْ مِمَّا يَلِيكَ " . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُوِيَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِي وَجْزَةَ السَّعْدِيِّ عَنْ رَجُلٍ مِنْ مُزَيْنَةَ عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ . وَقَدِ اخْتَلَفَ أَصْحَابُ هِشَامِ بْنِ عُرْوَةَ فِي رِوَايَةِ هَذَا الْحَدِيثِ . وَأَبُو وَجْزَةَ السَّعْدِيُّ اسْمُهُ يَزِيدُ بْنُ عُبَيْدٍ .

বাংলা

১৮৫৭। উমার ইবনু আবূ সালামা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে আসলেন। তখন তার সামনে খাবার বিদ্যমান ছিল। তিনি বললেনঃ হে বৎস! এগিয়ে আস, বিসমিল্লাহ বল, ডান হাত দিয়ে খাও এবং তোমার সামনের খাদ্য হতে খাও।

সহীহ, ইবনু মা-জাহ (৩২৬৭), ইরওয়া (১৯৬৮), বুখারী ও মুসলিম "এগিয়ে আস" বাক্য ব্যতীত।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হিশাম ইবনু উরওয়া-আব্ধ ওয়াজযা আস-সা’দী হতে, তিনি মুযাইনা গোত্রের এক ব্যক্তি হতে, তিনি উমার ইবনু আবী সালাম (রাঃ)-এর সূত্রে বর্ণিত হয়েছে। এ হাদীসের বর্ণনায় হিশাম ইবনু উরওয়ার শাগরিদগণ দ্বিমত পোষণ করেছেন। আবূ ওয়াজযা আস-সা’দীর নাম ইযায়ীদ, পিতা উবাইদ।

## English

Narrated 'Umar bin Abi Salamah:

That he entered upon the Messenger of Allah (ﷺ) while he has some food.

He said: "Sit down O my son! Mention Allah's Name and eat with your right hand, and eat what is nearest to you."

[Abu 'Eisa said:] It has been reported from Hisham bin 'Urwah, from Abu Wajzah As-Sa'idi, from a man from Muzainah, from 'Umar bin Abu Salamah. The Companions of Hisham bin 'Urwah differed in reporting this Hadith. Abu Wajzah As-Sa'di's name is Yazid bin 'Ubaid.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী  বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=40610

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন